

ভিসির বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের অবস্থান ধর্মঘট : ক্লাস বর্জন

নিজস্ব বার্তা পরিবেশক পাবনা

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভিসির দুর্নীতির বিরুদ্ধে তদন্ত, বিশ্ববিদ্যালয়ের নিজস্ব স্থায়ী ক্যাম্পাসে অবিলম্বে অবকাঠামো নির্মাণ, ক্যাম্পাস নির্মাণ, শট সেমিস্টার পদ্ধতি চালু, জিপিএ নির্ণয় পদ্ধতি সংশোধন, অযোগ্য শিক্ষকদের অপসারণ এবং শিক্ষক কর্তৃক শিক্ষার্থীদের ওপর শারীরিক ও মানসিক নির্যাতন বন্ধসহ ৮ দফা

দাবিতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা ক্লাস বর্জন করে বিক্ষোভ মিছিল এবং অবস্থান ধর্মঘট পালন করে। গতকাল সকাল দশটার দিকে শহরের রাজাপুরে নির্মাণাধীন বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে কয়েকশ শিক্ষার্থী এই কর্মসূচি পালন করে। অপ্রীতিকর ঘটনা এড়াতে ক্যাম্পাস চত্বরে পুলিশ মোতায়েন করা হয়। বিক্ষুব্ধ শিক্ষার্থীরা রাজাপুরে বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাসের প্রশাসনিক ভবন সরকারি শিক্ষক প্রশিক্ষণ কেন্দ্রের গেটে ভালা খুলিয়ে দেয়। ক্যাম্পাসে পূর্ব ঘোষিত ক্লাস বর্জন কর্মসূচি চলাকালে কয়েকশ শিক্ষার্থী বিক্ষোভ মিছিল এবং প্রট্রের কার্যালয়ের সামনে অবস্থান ধর্মঘট পালন করে। এ সময় শিক্ষক প্রশিক্ষণ কেন্দ্রে ক্লাস করতে আসা প্রশিক্ষার্থী শিক্ষকরা দুর্ভোগে পড়েন। এদিকে দুপুর সাড়ে ১২টা থেকে ২টা পর্যন্ত পাবনা-নগরবাড়ী-ঢাকা মহাসড়ক অবরোধ। অবস্থান : পৃষ্ঠা : ১৫ ক : ১

অবস্থান : ধর্মঘট

(১ম পৃষ্ঠার পর)

করে। এতে যানবাহন চলাচল বন্ধ হয়ে যায়। পরে আন্দোলনরত শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের নির্মাণাধীন ক্যাম্পাসে এক সমাবেশ করে। সমাবেশে বক্তব্য দেয় বিশ্ববিদ্যালয়ের ছাত্র কামাল আহমেদ, আবদুল আরমান পরাগ, আবদুল্লাহ আল মামুন, মেহেদীন হাসান নাবিল, সাক্কাব্দ মন্সুর প্রমুখ। ছাত্ররা অভিযোগ করে, কলেজের কতিপয় কর্তার দুর্নীতির কারণে স্থায়ী ক্যাম্পাসে অবকাঠামো নির্মাণ বারবার বিলম্বিত হচ্ছে এবং স্বজনপ্রীতির মাধ্যমে নিয়োগকৃত অযোগ্য শিক্ষকদের কারণে শিক্ষা কার্যক্রম চরমভাবে ব্যাহত হচ্ছে। শিক্ষার্থীরা জানায়, দাবি আদায় না হওয়া পর্যন্ত ক্লাস বর্জনসহ বিভিন্ন কর্মসূচির মাধ্যমে আন্দোলন চলবে। এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রট্র মোহাম্মদ কামরুজ্জামান বলেন, শিক্ষার্থীদের সঙ্গে আলোচনা-আলোচনার মাধ্যমে তাদের দাবিসমূহ বাস্তবায়নের চেষ্টা করা হবে।